

1463 - কোন মুসলিম নিজের হজ্জ করার আগে অন্যের বদলি হজ্জ করবেন না

প্রশ্ন

আমার মা প্রথম রমযানের দিন মারা গেছেন। তিনি ফরয হজ্জ আদায় করে যাননি। তাই আমি তার পক্ষ থেকে হজ্জ আদায় করার নিয়ত করছি। উল্লেখ্য, আমি আমার নিজের ফরয হজ্জ আদায় করিনি।

প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

আমি আল্লাহর কাছে দোয়া করছি তিনি যেন মায়ের প্রতি আপনার উত্তম আবেগ, তাঁর কল্যাণ করার আগ্রহ ও মৃত্যুর পর তাঁর প্রতি সদাচরণের ইচ্ছার উপর আপনাকে অটল অবিচল রাখেন। আপনি যে প্রশ্নটি জানতে চেয়েছেন সে ব্যাপারে বলব: কোন মুসলিম যদি অন্যের পক্ষ থেকে বদলি হজ্জ করতে চায় তাহলে আগে তাকে নিজের হজ্জ করতে হবে। দলিল হচ্ছে ইবনে আব্বাস (রাঃ) এর হাদিস, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক লোককে শুবরুন্নার পক্ষ থেকে তালবিয়া পড়তে শুনে বললেন: শুবরুন্না কে? লোকটি বলল: আমার এক ভাই কিংবা আমার এক আত্মীয়। তিনি বললেন: তুমি কি নিজের হজ্জ করেছ? লোকটি বলল: না। তিনি বললেন: “আগে নিজের হজ্জ কর। এরপর শুবরুন্নার পক্ষ থেকে হজ্জ করতে পারবে।”[সুনানে আবু দাউদ, অধ্যায়: মানাসিক, পরিচ্ছেদ: যে ব্যক্তি অন্যের বদলি হজ্জ করেন; এটি একটি সহিহ হাদিস] আমরা আল্লাহর কাছে দোয়া করছি, তিনি যেন আপনার মাকে ক্ষমা করে দেন এবং তাকে তাঁর রহমতের মধ্যে প্রবেশ করান। আল্লাহই মুত্তাকীদের অভিভাবক।